5 RS

INDIA

पाँच रुपये

सत्यमेव जयते

FIVE RUPEES भारत FIVE RUPEES

আপোষ বন্টন নামা বা পার্টিশন দলিল ।

বিভাজ্য সম্পত্তির মোট মূল্য ৪০,০০০.০০ টাকা ।

প্রথম পক্ষ :- শ্রী গোপাল চন্দ্র দাস , পিতা মৃত অমূল্য চরণ দাস (রজক), জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ১৫।১, নস্কর পাড়া রোড, হরিদেবপুর, থানা বেহালা, আই, সি, - ঠাকুরপুকুর, কলিকাতা-৪১ ।

দ্বিতীয় পক্ষ :- শ্রী বিশ্বনাথ দাস , পিতা মৃত অমূল্য চরণ দাস (রজক), জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ১৫।১, নস্কর পাড়া রোড, হরিদেবপুর, থানা বেহালা, আই, সি, - ঠাকুরপুকুর, কলিকাতা-৪১

তৃতীয় পক্ষ :- শ্রী শম্ভু নাথ দাস , পিতা মৃত অমূল্য চরণ দাস (রজক), জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং ১৫।১, নস্কর পাড়া রোড , হরিদেবপুর, থানা বেহালা, আই, সি, - ঠাকুরপুকুর, কলিকাতা- ৪১

28 | 5/5/86 57

11/30 ... 5th
... Sept ... 86
... Gopal Das

① Gopal Das
② Biswanath Das
③ Sambhunath Das
④ Bimal Ch. Das
Late Amulya Charan Das
15/1, Neelkanta Road
Haridevpur
Chakmanikhara

5.9

Dipak Kumar Das

5.9.86

Dipak Kumar Das PTB

চতুর্থ পক্ষ :- শ্রী বিমল দাস, পিতা মৃত অমূল্য চরণ দাস (রজক), জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ১৫।১, নস্কর পাড়া রোড, হরিদেবপুর, থানা বেহালা, আই. সি. - ঠাকুরপুকুর, কলিকাতা- ৪১।

**********************************************************************

কস্য নিম্ন (ক) তপশীল বর্ণিত বাস্তু, বাগান জমি জমার আপোষ বন্টন নামা বা পার্টিশন দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা বেহালা, পরগনা খাসপুর, সাবরেজিস্ট্রী অফিস বেহালা, কালেকটারির ২৩৬ নং তৌজি ভুক্ত রে : সা : নং ৬৫, জে : এল : নং ২৫, সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটীর অন্তর্গত অধুনা দি ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সাউথ সুবারবণ ইউনিটের অন্তর্গত মৌজা হরিদেবপুর গ্রামের হাল রিভিসন্যাল সেটেলমেন্টের ৬০০ নং খতিয়ানে .২১ শতক বাগান জমির কাত বার্ষিক ৩ টাকা ২ আনা



59

ও ভগ্নী গণের সুপরামর্শ মতে আমাদের এজমালী ভোগ দখলী নিম্ন (ক) তপশীল ভুক্ত উক্ত সম্পত্তি নিম্ন লিখিত সর্তে ও নিয়মে বিভাগ বন্টন করা সিদ্ধান্ত হয় এবং সরজমিনে মাপ জরীপ করাইয়া কতক জমি যাতায়াতের রাস্তায় ছাড়িয়া দিয়া অবশিষ্ট কমবেশী ১৪ কাঠা ১ ছটাক জমি খাস দখলে রাখিয়া উক্ত জমি ৪ টা প্লটে বিভক্ত করিয়া নকসায় লাল, হরিদ্রা, সবুজ ও নীল বর্ণের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া যথাক্রমে ইংরাজী " এ ", " বি ", " সি ", " ডি " লটে নির্দ্দিষ্ট ও চিহ্নিত করিয়া আমরা পক্ষগণ এতদ্ সম্পর্কে কেহ কোন ওজর আপত্তি না রাখিয়া উক্ত পার্টিশন প্ল্যানের আবশ্যকতা ও বৈধতা স্বীকার করিয়া লইয়াছি ।

উক্ত ও নিম্ন (ক) তপশীল বর্ণিত সম্পত্তি অবস্থা বিশেষে তুলনা মূলক ভাবে জমির পরিমাণ কমবেশী রাখিয়া মূল্যের হার সমান রাখা সাব্যস্ত হয় এবং তদনুসারে উক্ত (ক) তপশীল বর্ণিত বিভাজ্য মোট সম্পত্তি ধারাবাহিক ভাবে ' এ ', ' বি ', ' সি ', ' ডি ' মার্কা দ্বারা পৃথক পৃথক ভাবে চিহ্নিত করিয়া লইয়া নিম্ন লিখিত সর্ত্ত ও নিয়মে এই পার্টিশন দলিল সম্পাদন দ্বারা নিম্ন (ক) তপশীল ভুক্ত সমগ্র সম্পত্তি বিভাগ বন্টন করিয়া লইলাম ।

[illegible]

[illegible]
[illegible]

নিম্ন (ক) তপশীল ভুক্ত বিভাজ্য সম্পত্তির মধ্যে " এ ", " বি ", " সি " লট ভুক্ত সম্পত্তি চার অংশে যথাক্রমে খ, গ, ঘ, ও তপশীল ভুক্ত করিয়া " এ " লটের ২ কাঠা ২ ছটাক ২৮ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত টালির ছাউনী যুক্ত ঘর বারান্দা প্রথম পক্ষ শ্রী গোপাল চন্দ্র দাস অর্থাৎ প্রথম পক্ষ পাইলেন এবং দখল লইয়া (খ) তপশীল ভুক্ত সম্পত্তি আদীর ষোল আনার মালিক হকদার হইলেন । ' এ ' লটের উক্ত সম্পত্তি বাটোয়ারা নকসায় লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত ও চিহ্নিত হইল ।

নিম্ন (গ) তপশীল বর্ণিত ও বাটোয়ারা নকসায় " বি " মার্কায় চিহ্নিত মতে এবং নকসায় হরিদ্রা রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত মতে ৩ তিন কাঠা ১০ দশ স্কোয়ার ফিট বাস্তু, বাগান জমি জমাদি দ্বিতীয় পক্ষ শ্রী বিশ্বনাথ দাস পাইলেন এবং তাহাতে দখল লইয়া ষোল আনার মালিক হইলেন ।

নিম্ন (ঘ) তপশীলে লিখিত ও বাটোয়ারা নকসায় " সি " মার্কায় চিহ্নিত মতে এবং নকসায় সবুজ রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত ৪ কাঠা ৬ ছটাক ৩৩ স্কোয়ার ফিট বাস্তু, বাগান জমি জমাদি তৃতীয় পক্ষ শ্রী শম্ভু নাথ দাস পাইলেন এবং তাহাতে দখল লইয়া ষোল আনার মালিক হকদার হইলেন ।

নিম্ন (ঙ) তপশীলে লিখিত ও বাটোয়ারা নকসায় " ডি " মার্কায় নীল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত ও চিহ্নিত মতে ৪ কাঠা ৭ ছটাক ৩৭ স্কোয়ার ফিট বাস্তু, বাগান জমি জমাদি চতুর্থ পক্ষ শ্রী বিমল চন্দ্র দাস পাইলেন এবং তাহাতে দখল লইয়া ষোল আনার মালিক হকদার হইলেন ।

এই আপোষ বন্টন সূত্রে পক্ষগণের প্রাপ্ত সম্পত্তির বাজস্ব খাজনা ও মিউনিসিপ্যাল ট্যাকস্ পক্ষগণ নিজ নিজ খরচায় পৃথক পৃথক ভাবে আদায়ের নিমিত্ত ধীরে ধীরে যথাযথ ভাবে পৃথক নাম জারী করাইয়া দি ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজ নিজ নামে পৃথক পৃথক প্রেমিসেস নম্বর সৃষ্টি করতঃ নিয়ন্ত্রিত ট্যাকস্ নিজ নিজ নাম বরাবরে সরবরাহ

59

সরবরাহ করিতে পক্ষগণ সকলে বাধ্য ও স্বীকৃত থাকিলাম ।

এই পার্টিশন সূত্রে প্রাপ্ত সম্পত্তির অর্থাৎ পক্ষগণের খাস দখলি জমির সীমানাদি পাকা পীলার খাঁথিয়া সীমানা সহরব্দ বজায় রাখিতে বাধ্য থাকিলাম । যদি কোনও পক্ষ তাহার প্রাপ্ত জমির সীমানায় বাউন্ডারী ওয়াল গাঁথিবার জন্য প্রয়োজন মনে করেন, তাহাতে অপর কোনও পক্ষের ওজর আপত্তি থাকিবেনা । যদি কোনও পক্ষ বা কাহারও ওয়ারিশাণ গণ আপত্তি করেন, তাহা সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল হইবে ।

আমরা অত্র দলিলের পক্ষগণ এতদ্দ্বারা স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে, নস্কর পাড়া রোড নামক রাস্তা হইতে পশ্চিম দিকে আমাদের জমির পাশ দিয়া যে ৬' ফুট প্রস্থ কমন প্যাসেজ বহাল করা হইয়াছে, উক্ত কমন প্যাসেজ দিয়া পক্ষগণ অবাধে যাতায়াত ও সর্ব্ববিধ ব্যবহার, ইলেকট্রিক লাইন, জলের পাইপ টেলিফোন লাইন আনয়ন ও ব্যবহার করিতে পারিবেন । তাহাতে কোনও পক্ষ কোন ওজর আপত্তি করিতে পারিবেনা বা পারিবনা ।

আরও স্বীকার অঙ্গীকার ও প্রচার করিতেছি যে, পক্ষগণের প্রাপ্ত চিহ্নিত জমির উপরে কাঁচা পাকা গৃহাদি নির্ম্মান করিয়া পক্ষগণ পুত্র পৌত্র, ওয়ারিশাণ ও স্থলাভিষিক্ত গণ এক্ষে দান, বিক্রয়াদি সর্ব্ব প্রকার হস্তান্তর রূপান্তর করিবার ক্ষমতা যুক্তে বৃক্ষাদি রোপণ সৃজন কর্ত্তনাদি করিয়া যদৃচ্ছা ভাবে নির্ব্বিবাদে ভোগ দখল বসবাস করিবেন, তাহাতে পরস্পর কেহ কাহারও ভোগ দখল ও হস্তান্তর রূপান্তর কার্য্যে বাধা বিঘ্ন সৃষ্টি করিবনা ও করিতে পারিবেনা, করিলেও তাহা সর্ব্বাদালতে সর্ব্বত্র অগ্রাহ্য হইবে ।

আরও প্রকাশ থাকে যে, কথিত ৬' ফুট প্রস্থ যে কমন প্যাসেজ নকসায় দেখান হইয়াছে, তাহার উপর দিয়া এবং তলদেশ দিয়া আন্ডার গ্রাউন্ড, ওভার হেড, ইলেকট্রিক লাইন, ওয়াটার ট্যাপ টেলিফোন লাইন প্রভৃতি আনার জন্য উক্ত প্যাসেজের জমি খনন করা হইলে, যখন যে পক্ষ উক্ত প্রকার কার্য্য করিবেন, তখনই তিনি নিজ ব্যয়ে উক্ত রাস্তা মেরামত করিয়া পূর্ব্বানুরূপ করিয়া দিতে বাধ্য থাকিলেন ।

5.9

আরও স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে, অত্র পার্টিশন দলিলের লিখিত সর্ত্ত ও নিয়মাবলী অত্র দলিলের পক্ষগণের উপর এবং আমাদের ওয়ারিশাগণ ও স্থলবর্ত্তীগণের উপর বাধ্যকর রহিল ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা প্ররোচনায় নিজ নিজ স্বার্থে ও হিতার্থে অত্র দলিল পড়িয়া ইহার মর্ম্ম সম্যক অবগত হইয়া অত্র আপোষ বন্টন নামা দলিল সাক্ষী গণের মোকাবিলায় যথারিতী সহি সম্পাদন করিলাম । ইতি তাং ইংরাজী ১৯৮৬ সালের ৫ ই সেপ্টেম্বর ।।

(ক) তপশীল বিভাজ্য সম্পত্তির বিবরণ -
ইহার মোট মূল্য ৪০,০০০.০০ টাকা ।

১। জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা বেহালা, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর হাল বেহালা, পরগনা খাসপুর, কালেকটারির ২৩৬ নং তৌজি ভুক্তরে : সা : নং ৩৫, জে : এল : নং ২৫, সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটীর অন্তর্ভুক্ত হাল দি ক্যালকাটা মিউনিসি-প্যাল কর্পোরেশনের সাউথ সুবারবণ ইউনিটের অন্তর্গত মৌজা হরিদেবপুর গ্রামের বিগত রিভিসন্যাল সেটেলমেন্টের ৬০০ নং খতিয়ান ভুক্ত .২১ শতক জমির কাত বার্ষিক ৩ টাকা ২ আনা জমার অন্তর্গত ১৩৫ একশত পঁয়ত্রিশ নং দাগে .২১ শতক রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সুত্তের বাগান জমির মধ্যে .১৫$\frac{৩}{৪}$ শতক জমি মাত্র । মালিক প : ব : রাজ্য সরকার পক্ষে কালেকটার বাহাদুর ২৪ পরগনা ।

২। ঐ ঐ এলাকা ও পরিচয় অধীন ঐ মালিকানাধীনে ঐ হরিদেবপুর মৌজার হাল রিভিসন্যাল সেটেলমেন্টে ১৩৩২ নং খতিয়ানে .২২ শতক জমির কাত বার্ষিক ১ টাকা ৭ আনা ৪ পাই জমার অন্তর্গত ১৩৪ একশত চৌত্রিশ নং দাগের .১৬ শতক বাস্তু জমি ও গৃহাদির ১১ আনা অংশের .১১ শতক বাস্তু জমি সহ গৃহাদি মাত্র ।

5.9

(গ) তপশীল বাটোয়ারাকৃত সম্পত্তি ।
ইহা দ্বিতীয় পক্ষ শ্রী বিশ্বনাথ দাস পাইলেন ।
ইহার মূল্য ১০০০০.০০ দশ হাজার টাকা।

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস বেহালা, পরগনা খাসপুর, কালেকটারির ২০৬ নং তৌজি ভুক্ত রে : সা : নং ৩১, জে : এল : নং ২৫, মৌজা - হরিদেবপুর গ্রামের হাল ৬০০ নং খতিয়ান ভুক্ত ১৩৫ একশত পঁয়ত্রিশ নং দাগের জমির অংশ যায় হাল ১৩৩২ নং খতিয়ান ভুক্ত ১৩৪ একশত চৌত্রিশ নং দাগের জমি হইতে অত্র পার্টিশন প্ল্যানে হরিদ্রা বর্ণের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত ও " বি " মার্কায় চিহ্নিত বাংলা মাপে কমবেশী ৩ তিন কাঠা ১০' দশ স্কোয়ার ফিট বাস্তু বাগান জমি যায় যাবতীয় আকর আওলাত বৃক্ষাদি সমেত যাবতীয় ইজমেন্ট রাইট দ্বিতীয় পক্ষর সম্পত্তি নির্দ্দিষ্ট হইল ।

ইহার উত্তরে :- ৬' ফুট প্রশস্থ কমন প্যাসেজ । পূর্ব্বে :- নস্কর পাড়া রোড নামক রাস্তা ।
দক্ষিনে :- শ্রী অমীয় কুমার রায় ব্যানার্জি এবং তৃতীয় পক্ষের ' সি ' প্লট ।
পশ্চিমে :- তৃতীয় পক্ষের ' সি ' প্লট ।

(ঘ) তপশীল বাটোয়ারাকৃত সম্পত্তি ।
ইহা তৃতীয় পক্ষ শ্রী শম্ভু নাথ দাস পাইলেন ।
ইহার মূল্য ১০০০০.০০ দশ হাজার টাকা ।

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা বেহালা, সাবরেজিষ্ট্রী অফিস বেহালা, পরগনা খাসপুর, কালেকটারির ২০৬ নং তৌজি ভুক্ত রে : সা : নং ৩১, জে : এল : নং ২৫, মৌজা হরিদেবপুর গ্রামের হাল ৬০০ নং খতিয়ান ভুক্ত ১৩৫ একশত পঁয়ত্রিশ নং দাগের জমির অংশ যায় হাল ১৩৩২ নং খতিয়ান ভুক্ত ১৩৪ একশত চৌত্রিশ নং দাগের জমি হইতে পার্টিশন প্ল্যানে সবুজ রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া " সি " মার্কা প্লটে প্রদর্শিত ও চিহ্নিত বাংলা মাপে কমবেশী ৪ চার কাঠা ৬ ছয় ছটাক ৩৩ তেত্রিশ স্কোয়ার ফিট বাস্তু, বাগান জমি যায় যাবতীয় আকর আওলাত বৃক্ষাদি সমেত যাবতীয় ইজমেন্ট রাইটস্ তৃতীয় পক্ষের সম্পত্তি নির্দ্দিষ্ট হইল ।

চৌহদ্দি :-

[illegible]
[illegible]
5.9.

চৌহদ্দি :-
*********
উত্তরে :- ৬' ফুট প্রশস্ত কমন প্যাসেজ । পূর্ব্বে :- অমিয় কুমার রায় ব্যানার্জির জমি ও বাটী এবং দ্বিতীয় পক্ষের ' বি ' মার্কায় চিহ্নিত জমি । দক্ষিণে :- শ্রীমতী রানী বালা হোড় । পশ্চিমে :- চতুর্থ পক্ষে প্রাপ্ত ' ডি ' প্লট ।

(ঙ) তপশীল বাটোয়ারাকৃত সম্পত্তি ।
ইহা চতুর্থ পক্ষ শ্রী বিমল চন্দ্র দাস পাইলেন ।
ইহার মূল্য ১০০০০.০০ দশ হাজার টাকা ।

****************************************

জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা বেহালা, সাবরেজিস্ট্রী অফিস বেহালা, পরগনা খাসপুর, কালেক্টারির ২৩৬ নং তৌজি ভুক্ত রে : সা : নং ৩১, জে : এল : নং ২৫, মৌজা হরিদেবপুর গ্রামের হাল ৬০০ নং খতিয়ান ভুক্ত ১৩৫ একশত পঁয়ত্রিশ নং দাগের জমির অংশ যায় হাল ১৩৩২ নং খতিয়ান ভুক্ত ১৩৪ একশত চৌত্রিশ নং দাগের জমি হইতে পার্টিশন প্ল্যানে নীল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত ও " ডি " মার্কায় চিহ্নিত বংলা মাপে কমবেশ ৪ কাঠা ৭ ছটাক ৩৭' স্কোয়ার ফিট (চার কাঠা সাত ছটাক সাঁইত্রিশ স্কোয়ার ফিট) বাস্ত বাগান জমি যায় যাবতীয় আরুর আওলাত বৃক্ষাদি সমেত যাবতীয় ইজমেন্ট রাইট সহ চতুর্থ পক্ষের সম্পত্তি নির্দ্দিষ্ট হইল ।

ইহার উত্তরে:- ৬' ফুট প্রশস্ত কমন প্যাসেজ । পূর্ব্বে :- তৃতীয় পক্ষের প্রাপ্ত ' সি ' প্লট । দক্ষিণে :- শ্রী হরি দাস ও রানী বালা হোড় । পশ্চিমে :- শ্রী হরি দাস ।

ই সা দি :-
***********************************

মুসাবিদাকারক :-
শ্রী ননী গোপাল চৌধুরী
দলিল লেখক, আলিপুর,
লাইসেন্স নং ১০৮ ।
*****************

টাইপকারক :-
আলিপুর, কলিকাতা - ২৭ ।

********************

317
143 1441
16143
86

13 · 9 · 88

5 · 8 · 86